BELA

Bilingual Early Language Assessment

Bangla Version

Cornelia Heise-Baigorria, Ed.D.
Cambridge Public Schools

Patton O. Tabors, Ed.D.
Harvard Graduate School of Education

Translated by
Mohabbat Ara Begum
Qumrunnessa A. Huda

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

BELA
Bilingual Early Language Assessment

গ্রহনীয় ভাষা

১.১ নিজের সাথে সম্পর্কযুক্ত ব্যক্তি/বস্তু সনাক্তকরণ

দ্রব্যাদিঃ নাই

পদ্ধতি : আপনি শিশু ও শিশুর বাবা/মা/অন্য কোন অভিভাবকের সাথে বসুন ।

শিশুকে আপনার প্রথম প্রশ্নটি করুন (নীচের সাজানো প্রশ্ন থেকে) । উত্তরের জন্য কিছুক্ষণ অপেক্ষা করুন । যদি শিশুর কাছ থেকে কোন উত্তর না পান, আবার একই প্রশ্ন করুন ।

শিশুর কাছ থেকে কোন উত্তর পেলে অথবা দ্বিতীয় বার প্রশ্নের পরও কোন উত্তর না পেলে নীচের সাজানো প্রশ্নের সারি থেকে প্রশ্ন করুন ।

এই ভাবে চারটি প্রশ্ন করুন ।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

১. তোমার আম্মু/আব্বু/অন্য অভিবাবককে দেখাও (নির্ভর করছে কে শিশুর সাথে থাকবে, নম্বরপত্রে **লিখে রাখুন** যার কথা জানতে চেয়েছেন)

২. আমাকে তোমার হাত দেখাও ।

৩. আমাকে তোমার চোখ দেখাও ।

৪. আমাকে তোমার জামা/সার্ট/পাজামা দেখাও । (নির্ভর করছে শিশু কি পরে আছে) [নম্বরপত্রে **লিখে রাখুন** যেটা জানতে চেয়েছেন]

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.২ পরিবেশের বিভিন্ন বস্তু সনাক্তকরণ

দ্রব্যাদি : নাই

পদ্ধতি : এই প্রক্রিয়াটি শুরু করার আগে আপনি নিশ্চিত হয়ে নেন যে, ঘরে অন্তত একটি টেলিভিশন অথবা রেডিও (বেতার) আছে। যদি এই দুইটির একটিও না থাকে তবে ঘরের অন্য কোন বস্তুকে এই ২নং প্রক্রিয়াটির জন্য নির্ধারন করুন এবং পরীক্ষা শুরু করার আগে এ বিষয়ে একটি নোট লিখে রাখুন।

অংশগ্রহনকারী শিশু ও বয়স্ক ব্যাক্তির সাথে বসুন, ঘরের চারদিকে তাকান যেন মনে হয় আপনি কিছু একটা খুঁজছেন এবং প্রথম প্রশ্নটি জিজ্ঞেস করুন, কয়েক মুহূর্ত অপেক্ষা করুন। যদি শিশু কোন উত্তর না দেয় প্রশ্নটি আবার জিজ্ঞেস করুন।

শিশু প্রশ্নের উত্তর দেবার পর অথবা দুইবার জিজ্ঞাসা করার পরও যদি কোন উত্তর না দেয় তবে দ্বিতীয় প্রশ্নটি জিজ্ঞাসা করুন। যদি শিশু উত্তর না দেয়, তবে আবার প্রশ্নটি করুন।

এ পদ্ধতিতে বাকী প্রশ্ন গুলোও করবেন।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

১। দরজা কোথায়?

২। রেডিও/টেলিভিশন কোথায়? (নম্বর পত্রে **লিখে রাখুন** আপনি কোন্ বস্তুটি জিজ্ঞেস করেছেন?)

৩। জানালা কোথায়?

৪। চেয়ার/সোফা/বিছানা/ফুটন কোথায়? (নম্বরপত্রে **লিখে রাখুন** কোন্ বস্তুটি আপনি জিজ্ঞেস করেছেন?)

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.৩ সাধারণ বস্তু সনাক্তকরণ

দ্রব্যাদি : ১২ টি বস্তু (কলম, জুতা, চাবি,পুতুল, মগ, বই, কলা, বাস, বল, গাড়ী, ছবি ও টুপি)

পদ্ধতি: প্রথম তিনটি জিনিস শিশুর সামনে রাখুন নীচের সাজানো প্রশ্নের সারি অনুযায়ী ।

শিশুকে আপনার প্রথম প্রশ্নটি করুন । শিশুর কাছ থেকে উত্তরের জন্য কিছুক্ষন অপেক্ষা করুন, যদি কোন উত্তর না পান আবার একই প্রশ্ন করুন ।

শিশুর কাছ থেকে কোন উত্তর পেলে (অথবা ২ বারের পর কোন উত্তর না পেলে) আপনি দ্বিতীয় প্রশ্নটি করুন । দ্বিতীয় প্রশ্ন করার আগে ১নং প্রশ্নের বস্তু গুলো সরিয়ে ফেলে শিশুর সামনে দ্বিতীয় প্রশ্নের তিনটি বস্তু রাখুন । উত্তরের জন্য কিছুক্ষন অপেক্ষা করুন । কোন উত্তর না পেলে আবার প্রশ্ন করুন নীচের সাজানো প্রশ্নের ক্রম অনুযায়ী ।

এইভাবে আপনি চারটি প্রশ্ন করুন:

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

১. [কলম, জুতা ও চাবি রাখার পর] আমাকে **‘জুতা’** কোন্‌টা দেখাও ।

২. [পুতুল, মগ ও বই রাখার পর] আমাকে **‘বই’** কোন্‌টা দেখাও ।

৩. [কলা, ব্যাগ ও বল রাখার পর] আমাকে **‘বল’** কোন্‌টা দেখাও ।

৪. [গাড়ী, ছবি ও টুপি রাখার পর] আমাকে **‘গাড়ী’** কোন্‌টা দেখাও ।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.৪ রং সনাক্তকরণ

দ্রব্যাদি : একই আকার এবং আকৃতির আট রং এর লেমিনেট করা পুরু বা শক্ত কাগজ ।

পদ্ধতি: নিম্নে বর্ণিত **১** নম্বর প্রশ্নের রং সাজানোর ধারা অনুযায়ী প্রথম দুইটি শক্ত লেমিনেটেড কাগজের টুকরা শিশুর সামনে রাখুন ।

নীচের **১** নম্বর নির্দেশটি করুন । কিছু সময় অপেক্ষা করুন । যদি শিশু কোন উত্তর না দেয়, একই নির্দেশ আবার করুন ।

শিশু উত্তর দেবার পর (অথবা দু'বার নির্দেশের পরও উত্তর না পেলে), প্রথমে প্রদর্শিত দুই রং এর দু'টি শক্ত লেমিনেটড কাগজের টুকরা শিশুর সামনে থেকে সরিয়ে ফেলুন এবং নিম্নে বর্ণিত ২ নং প্রশ্ন অনুযায়ী অপর দুই রং এর দুটি শক্ত লেমিনেটেড কাগজের টুকরা শিশুর সামনে রাখুন । অপর নির্দেশটি প্রদান করুন । যদি শিশু কোন উত্তর না দেয়, নির্দেশটি আবার প্রদান করুন ।

এইভাবে নীচের চারটি নির্দেশ প্রদান করুন ।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন:

১. (লাল এবং সাদা রং এর শক্ত লেমিনেটেড কাগজের টুকরা দুটি সামনে রাখার পর)

আমাকে **লাল** রং টি দেখাও ।

২. (নীল এবং কালো রং এর শক্ত লেমিনেটেড কাগজের টুকরা দুটি সামনে রাখার পর)

আমাকে **কালো** রং টি দেখাও ।

৩. (বেগুনী ও হলুদ রং এর শক্ত লেমিনেটেড কাগজের টুকরা দু'টি সামনে রাখার পর)

আমাকে **হলুদ** রং টি দেখাও ।

৪. (সবুজ এবং কমলা রং এর শক্ত লেমিনেটেড কাগজের টুকরা দু'টি সামনে রাখার পর)

আমাকে **সবুজ** রং টি দেখাও ।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.৫ পরিমাণ সনাক্তকরণ

দ্রব্যাদি : আটটি ছোট বস্তু যেমনঃ কাঠ, পাষ্টিক বা পাথরের মোটা খন্ড (ব্লক) একই রংয়ের একই আকারের ।

পদ্ধতি: আটটি বস্তুই শিশুর সামনে রাখুন এবং বলুন এখানে কিছু আছে______(খালি জায়গায় বস্তুটির নাম লিখে রাখুন)

শিশুর দিকে বস্তুসহ আপনার হাত বাড়িয়ে দিয়ে প্রথম প্রশ্নটি করুন। উত্তরের জন্য অপেক্ষা করুন। কোন উত্তর না পেলে আবার একই প্রশ্ন করুন ।

শিশুর কাছ থেকে কোন উত্তর পেলে (অথবা শিশুর কাছে থেকে দু'বারের পর কোন উত্তর না পেলে), যদি আপনার হাতে বস্তগুলো থাকে সে গুলি বাকী বস্তুর সাথে আবার মিলিয়ে রাখুন এবং আপনার দ্বিতীয় প্রশ্নটি শিশুকে করুন। উত্তরে জন্য কিছুক্ষন অপেক্ষা করুন । যদি শিশু কোন উত্তর না দেয় আবার শিশুকে একই প্রশ্ন করুন ।

এইভাবে আপনি চারটি প্রশ্ন করুন নীচের সাজানো প্রশ্নের ক্রম অনুযায়ী ।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন:

১. আমাকে একটি ______ দাও ।

২. আমাকে দুইটি ——— দাও ।

৩. আমাকে পাঁচটি ——— দাও ।

৪. আমাকে তিনটি ——— দাও ।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.৬ আয়তন সনাক্তকরণ

দ্রব্যাদি: বর্ণিত প্রতিটি বস্তু হতে হবে একটি ছোট ও একটি বড় আয়তনের যেমন: জুতা, বল, বই, গাড়ী।

পদ্ধতি: শিশুর সামনে প্রথম দু'টি বস্তু রাখুন। প্রথম প্রশ্নটি জিজ্ঞেস করুন, নীচে দাগ দেয়া শব্দটি অনুসরণ করে। কিছু সময় অপেক্ষা করুন। যদি শিশু কোন উত্তর না দেয়, প্রশ্নটি আবার করুন।

শিশু উত্তর দেবার পর (অথবা দু'বার জিজ্ঞাসার পর উত্তর না দিলে) প্রথম বস্তু দু'টি শিশুর সামনে থেকে সরিয়ে নিন এবং অপর দু'টি বস্তু শিশুর সামনে রাখুন। দ্বিতীয় প্রশ্নটি জিজ্ঞেস করুন। যদি শিশু উত্তর না দেয়, প্রশ্নটি আবার করুন।

এভাবে নীচের চারটি প্রশ্ন করুন।

প্রশ্ন কর্তা/কর্ত্রী বলবেন:

১. [জুতা গুলো সামনে রাখার পর] <u>বড়</u> জুতাটি কোথায়?

২. [বল গুলো সামনে রাখার পর] <u>ছোট</u> বলটি কোথায়?

৩. [গাড়ি গুলো সামনে রাখার পর] <u>ছোট</u> গাড়িটি কোথায়?

৪. [বই গুলো সামনে রাখার পর] <u>বড়</u> বইটি কোথায়?

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.৭ আকৃতি সনাক্তকরণ

দ্রব্যাদি: শক্ত কাগজের তৈরী (অথবা লেমিনেট করা) একই আকারের ও একই রং এর বৃত্ত, বর্গক্ষেত্র, ত্রিভূজ, আয়তক্ষেত্র, হৃদয়াকৃতি, হিরকাকৃতি, চাঁদ ও তারা ।

পদ্ধতি: প্রথমে শিশুর সামনে দু'টি আকৃতি রাখুন (যেভাবে নীচের প্রশ্নে সাজানো আছে) । তারপর শিশুকে আপনার প্রথম প্রশ্নটি করুন । উত্তরের জন্য কিছুক্ষণ অপেক্ষা করুন । যদি শিশু কোন উত্তর না দেয় তবে আপনি আবার একই প্রশ্ন করুন ।

শিশুর কাছ থেকে কোন উত্তর পেলে (অথবা দু'বারের পরও কোন উত্তর না পেলে), প্রথম কাগজের আকৃতি দু'টি সারিয়ে ফেলুন এবং অন্য দুইটি কাগজের আকৃতি শিশুর সামনে রাখুন এবং দ্বিতীয় প্রশ্নটি করুন । উত্তরের জন্য কিছুক্ষণ অপেক্ষা করুন । শিশু যদি কোন উত্তর না দেয় তবে আবার প্রশ্নটি করুন ।

এই ভাবে নীচে সাজানো ক্রম অনুযায়ী চারটি প্রশ্ন করুন ।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

১. [শিশুর সামনে বৃত্ত এবং হিরকাকৃতিটি রাখুন] কোন্‌টি **'বৃত্ত'** আমাকে দেখাও ।

২. [শিশুর সামনে চাঁদ ও বর্গক্ষেত্রটি রাখুন] কোন্‌টি **'বর্গক্ষেত্র'** আমাকে দেখাও ।

৩. [শিশুর সামনে তারা ও আয়তক্ষেত্রটি রাখুন] কোন্‌টি **'তারা'** আমাকে দেখাও

৪. [শিশুর সামনে হৃদয়াকৃতি ও ত্রিভুজটি রাখুন] কোন্‌টি **'হৃদয়'** আমাকে দেখাও ।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.৮ কাজ/ক্রিয়া সনাক্তকরণ

দ্রব্যাদিঃ তরলশোষক গোলক বা বল/স্পঞ্জ বল

পদ্ধতিঃ বলটি শিশুর সামনে রাখুন। প্রথম নির্দেশটি প্রদান করুন।
যদি শিশু কোন উত্তর না দেয়, আবার নির্দেশনাটি প্রদান করুন।

শিশু কোন উত্তর দেবার পর (অথবা দু'বার নির্দেশ প্রদানের পরও যদি কোন উত্তর না দেয়), পরবর্তী নির্দেশটি প্রদান করুন। কিছু সময় অপেক্ষা করুন। যদি উত্তর না দেয়, নির্দেশটি আবার প্রদান করুন।

এভাবে নীচের চারটি নির্দেশ প্রদান করুন।

প্রশ্ন কর্তা/কর্ত্রী বলবেনঃ

১. বলটি কুড়িয়ে তোল।

২. বলটি গড়িয়ে দাও।

৩. বলটি ছুঁড়ে দাও।

৪. বলটি লুকিয়ে ফেল/লুকাও।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.৯ ব্যাক্তি সনাক্তকরণ

দ্রব্যাদিঃ ছবির পুস্তিকা

পদ্ধতিঃ শিশুকে ১.৯ এর ছবিটি দেখান। নীচের প্রথম লাইনটি পড়ুন। উত্তরের জন্য কিছুক্ষন অপেক্ষা করুন (শিশু ছবিটির ব্যাক্তিকে আঙ্গুল দিয়ে দেখাবে বস্তুকে নয়)। যদি শিশু কোন উত্তর না দেয়, বাক্যটি আবার বলুন।

শিশু উত্তর দিলে (অথবা দু'বারের পর ও কোন উত্তর না পেলে) আপনি দ্বিতীয় লাইনটি বলুন। উত্তরের জন্য কিছুক্ষন অপেক্ষা করুন (শিশু ছবিটির ব্যাক্তিকে আঙ্গুল দিয়ে দেখাবে বস্তুকে নয়) যদি শিশু কোন উত্তর না দেয়, বাক্যটি আবার বলুন।

এইভাবে আপনি চারটি লাইন পড়ুন ।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

১. ছবিতে কেউ একজন ব্লক নিয়ে খেলছে। আমাকে দেখাও কে ব্লক নিয়ে খেলছে।

২. ছবিতে কেউ একজন কুকুরের দিকে আঙ্গুল দেখাচ্ছে। আমাকে দেখাও কে কুকুরের দিকে আঙ্গুল দেখাচ্ছে।

৩. ছবিতে কেউ একজন ছোট বাচ্চাকে উপরে উঠাচ্ছে। আমাকে দেখাও কে বাচ্চাকে উপরে উঠাচ্ছে।

৪. ছবিতে কেউ একজন রং করছে। আমাকে দেখাও কে রং করছে ।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

১.১০ না-সূচক কাজ/ক্রিয়া সনাক্তকরণ

দ্রব্যাদি: ছবির পুস্তিকা

পদ্ধতি: শিশুকে ১.১০.১ নম্বর ছবিটি দেখান। নীচের প্রথম বাক্যটি বলুন। শিশুর উত্তরের জন্য অপেক্ষা করুন। যদি শিশু উত্তর না দেয়, বাক্যটি পুনরাবৃত্তি করুন।

শিশুর উত্তর দেবার পর (অথবা দু'বার বাক্যটি বলার পরও যদি উত্তর না পান), তখন শিশুকে ১.১০.২ নম্বর ছবিটি দেখান এবং পরবর্তী বাক্যটি বলুন। শিশুর উত্তরের জন্য অপেক্ষা করুন। যদি শিশু উত্তর না দেয়, বাক্যটি পুনরাবৃত্তি করুন।

এভাবে ৩(১.১০.৩)নম্বর ও ৪(১.১০.৪)নম্বর ছবি দেখিয়ে বাক্যগুলো বলুন।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন:

১. কুকুরের বাচ্চাটি কিছু খাচ্ছে না।
আমাকে দেখাও কোন্ কুকুরের বাচ্চাটি কিছুই খাচ্ছে না।

২. মেয়েটি/বালিকাটি দৌড়াচ্ছে না।
আমাকে দেখাও কোন্ মেয়েটি/বালিকাটি দৌড়াচ্ছে না।

৩. শিশুটি/বাচ্চাটি ঘুমাচ্ছে না।
আমাকে দেখাও কোন্ শিশুটি/বাচ্চাটি ঘুমাচ্ছে না।

৪. ছেলেটি/বালকটি প্রাণীগুলোর সাথে খেলছে না।
আমাকে দেখাও কোন্ ছেলেটি/বালকটি প্রাণীগুলোর সাথে খেলছে না।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.১ ব্যক্তিগত তথ্য সনাক্তকরণ

দ্রব্যাদিঃ নাই

পদ্ধতি: শিশুকে প্রথম প্রশ্নটি করুন। উত্তরের জন্য কিছুক্ষন অপেক্ষা করুন। শিশুর কাছ থেকে কোন উত্তর না পেলে আবার প্রশ্নটি করুন।

শিশুর কাছ থেকে কোন উত্তর পেলে (অথবা দু'বার প্রশ্ন করে উত্তরা না পেলে) আপনি দ্বিতীয় প্রশ্নটি করুন। কিছুক্ষণ অপেক্ষা করুন। কোন উত্তর না পেলে আবার একই প্রশ্ন করুন।

এইভাবে আপনি চারটি প্রশ্ন করুন। তিন ও চার নাম্বার প্রশ্নের উত্তর নম্বরপত্রে লিখে রাখুন।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

১. তোমার নাম কি? (শুধু মাত্র ডাকনাম অথবা প্রথম নাম বললে সঠিক উত্তর বলে ধরা হবে)

২. তোমার বয়স কত? (শুধুমাত্র সঠিক বয়স বললে সঠিক উত্তর বলে ধরা হবে)

৩. কোন্ রং তোমার বেশী ভাল লাগে? (শিশুর উত্তর নম্বরপত্রে লিখে রাখুন)

৪. তুমি কি করতে ভালবাস? (শিশুর উত্তর নম্বরপত্রে লিখে রাখুন)

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.২ শব্দ/ধ্বনির পুণরাবৃত্তি

দ্রব্যাদিঃ নাই

পদ্ধতিঃ **"আমি যা বলি তুমি তা মনোযোগ দিয়ে শোন, এবার আমি যেভাবে বলেছি তুমি ঠিক সেভাবেই বল"**-এই নির্দেশটি দিন এবং ১ নম্বর ধ্বনিগুলো বলুন। কিছু সময় অপেক্ষা করুন। যদি শিশু উত্তর না দেয়, তবে পুনরায় নির্দেশটি দিন ও ১ নম্বর ধ্বনিগুলো আবার বলুন।

শিশু উত্তর দেবার পর (অথবা দু'বার বলার পরও যদি কোন উত্তর না পান), **"আমি যা বলি তুমি তা মনোযোগ দিয়ে শোন, এবার আমি যেভাবে বলেছি তুমি ঠিক সেভাবেই বল"**-এই নির্দেশ দিয়ে পরবর্তী নম্বরের ধ্বনি/শব্দগুলো বলুন। কিছু সময় অপেক্ষা করুন। যদি শিশু কোন উত্তর না দেয়, নির্দেশটি আবার দিন এবং ধ্বনিগুলো আবার বলুন।

এভাবে এক থেকে চার নম্বর পর্যন্ত করে যান।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেনঃ

"আমি যা বলি তুমি তা মনোযোগ দিয়ে শোন, এবার
আমি যেভাবে বলেছি তুমি ঠিক সেভাবেই বল" ।

১. বা-বা-বা [একই প্রথম ব্যাঞ্জনবর্ণ, একই স্বরবর্ণ। যেমন-ব+আ = বা]

২. আম-আস-আজ [একই প্রথমস্বরবর্ণ, বিভিন্ন ব্যাঞ্জনবর্ণ। যেমন-আ, ম,স,জ]

৩. কাল-কলি-কুল [বিভিন্ন মাধ্যম স্বরবর্ণ একই ব্যাঞ্জনবর্ণ ক+আ+ল, ক+ই+ল, ক+উ+ল]

৪. গন্ধ-বন্ধ-অন্ধ [বিভিন্ন প্রথম ব্যাঞ্জনবর্ণ , একই যুক্ত ব্যাঞ্জনবর্ণ]

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.৩ কথার পুণরাবৃত্তিকরণ

দ্রব্যাদিঃ নাই

পদ্ধতি: শিশুকে বলুন, **"আমি যা বলি তুমি তা মনোযোগ দিয়ে শোন, এবার আমি যা বলেছি তুমি আমাকে ঠিক সেই কথাটিই বল"** এবং শিশুকে **১**নং কথাটি বলুন। উত্তরের জন্য কিছুক্ষণ অপেক্ষা করুন। শিশুর কাছ থেকে কোন উত্তর না পেলে আবারও **১** নং কথাটি বলুন।
এখন **১**নং কথাটি বলুন এবং শিশুকে তা পুনরাবৃত্তি করতে বলুন।

শিশুর কাছ থেকে কোন উত্তর পেলে (অথবা দু'বারের পর ও কোন উত্তর না পেলে), শিশুকে আবার বলুন, **"আমি যা বলি তুমি তা মনোযোগ দিয়ে শোন, এবার আমি যা বলেছি তুমি আমাকে ঠিক সেই কথাটিই বল"**, এই ভাবে আপনি দ্বিতীয় কথাটি বলুন। উত্তরের জন্য অপেক্ষা করুন। কোন উত্তর না পেলে আবার কথাটি পুণরাবৃত্তি করুন।

এই ভাবে নীচের সাজানো ক্রমানুযায়ী কথাগুলো বলুন।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

"আমি যা বলি তুমি তা মনোযোগ দিয়ে শোন, এবার আমি যা বলেছি তুমি আমাকে ঠিক সেই কথাটিই বল"

১. উপর

২. বাম ও ডান

৩. আমার একটি নাক আছে

৪. বড় হলুদ স্কুল বাস

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.৪ বাক্যের পুণরাবৃত্তিকরণ

দ্রব্যাদিঃ নাই

পদ্ধতিঃ **"আমি যা বলি তুমি তা মনোযোগ দিয়ে শোন, এবার আমি যেভাবে কথাগুলো বলেছি তুমি ঠিক সেভাবেই বল"**- শিশুকে এই নির্দেশাটি প্রদান করুন এবং ১ নম্বর বাক্যটি বলুন। কিছু সময় অপেক্ষা করুন। যদি শিশু উত্তর না দেয়, নির্দেশটি আবার দিন এবং ১ নম্বর বাক্যটি আবার বলুন।

শিশু উত্তর দেবার পর (অথবা দু'বার নির্দেশ দেবার পরও যদি কোন উত্তর না পান), আবার একই নির্দেশ দিন এবং ২ নম্বর বাক্যটি বলুন। কিছু সময় অপেক্ষা করুন। যদি শিশু উত্তর না দেয়, পুনরায় নির্দেশটি দিন এবং বাক্যটি আবার বলুন।

এভাবে এক থেকে চার নম্বর পর্যন্ত বাক্যগুলো বলে যান।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেনঃ

"আমি যা বলি তুমি তা মনোযোগ দিয়ে শোন, এবার আমি যেভাবে কথাগুলো বলেছি তুমি ঠিক সেভাবেই বল"।

১. আমি তোমাকে পছন্দ করি।

২. আপেল গুলো লাল।

৩. গতকাল আমরা দোকানে জিনিস কিনতে গিয়েছিলাম।

৪. খরগোশটি কি বলেছিল?

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.৫ সাধারণ বস্তু সনাক্তকরণ

দ্রব্যাদিঃ চারটি বস্তুঃ গাড়ী, বল, বই ও জুতা ।

পদ্ধতিঃ নীচের সাজানো প্রশ্ন অনুযায়ী প্রথম বস্তুটি শিশুর সামনে রাখুন এবং শিশুকে প্রশ্নটি করুন, "এটা কি"? উত্তরের জন্য কিছুক্ষন অপেক্ষা করুন । যদি কোন উত্তর না পান শিশুকে আবার একই প্রশ্ন করুন ।

শিশুর কাছ থেকে কোন উত্তর পেলে (অথবা দু'বারের পরও কোন উত্তর না পেলে) প্রথম বস্তুটি শিশুর সামনে থেকে সরিয়ে ফেলুন এবং দ্বিতীয় বস্তুটি শিশুর সামনে রাখুন । আবার প্রশ্ন করুন, "এটা কি"? উত্তরের জন্য অপেক্ষা করুন । শিশুর কাছ থেকে কোন উত্তর না পেলে আবার একই প্রশ্ন করুন ।

এভাবে চারটি প্রশ্ন করুন ।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

"এটা কি"?

১. গাড়ী

২. বল

৩. বই

৪. জুতা

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.৬ রং এর নামকরণ

দ্রব্যাদিঃ আটটি রং এর আটটি শক্ত বা পুরু কাগজ ।

পদ্ধতিঃ শিশুর সামনে নীচে বর্ণিত প্রথম রং এর শক্ত বা পুরু কাগজটি রাখুন । এরপর জিজ্ঞেস করুন, "তুমি কি রং এর নাম জান? এইটি কি রং?" কিছু সময় অপেক্ষা করুন । যদি শিশু কোন উত্তর না দেয় । আবার বলুন, "এইটি কি রং?"

শিশু উত্তর দেবার পর (অথবা দু'বার জিজ্ঞাসার পর উত্তর না পেলে) প্রথম রং এর পুরু কাগজটি শিশুর সামনে থেকে সরিয়ে নিন, এবং দ্বিতীয় রং এর পুরু কাগজটি শিশুর সামনে রাখুন । আবার জিজ্ঞেস করুন, "এইটি কি রং?" কিছু সময় অপেক্ষা করুন । যদি শিশু কোন উত্তর না দেয়, তবে আবার জিজ্ঞেস করুন, "এইটি কি রং?"

এভাবে ১-৮ পর্যন্ত প্রশ্ন করে যান ।

প্রশ্নকর্তা/ কর্ত্রী বলবেনঃ

"এইটি কি রং"?

১. লাল

২. সবুজ

৩. নীল

৪. কালো

৫. সাদা

৬. হলুদ

৭. কমলা

৮. বেগুনী

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.৭ গণনা করা

দ্রব্যাদিঃ নাই

পদ্ধতিঃ আপনি শিশুকে বলুন, “তুমি কি এক থেকে দশ পর্যন্ত গুনতে পার?-- এক, দুই, তিন.......এইভাবে” । উত্তরের জন্য কিছুক্ষন অপেক্ষা করুন । শিশুর কাছ থেকে কোন উত্তর না পেলে আবার শিশুকে বলুন, “তুমি কি এক থেকে দশ পর্যন্ত গুনতে পার? এক, দুই, তিন.....এইভাবে” ।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.৮ অঙ্গ প্রত্যঙ্গের নামকরণ

দ্রব্যাদিঃ নাই ।

পদ্ধতি: ১ নম্বরে বর্ণিত অঙ্গটির প্রতি আপনার আঙ্গুল দিয়ে দেখিয়ে অথবা আপনার অঙ্গটি (নাক) ছুঁয়ে জিজ্ঞেস করুন, "এইটি কি?" কিছু সময় অপেক্ষা করুন । যদি শিশু কোন উত্তর না দেয়, আবার প্রশ্নটি জিজ্ঞেস করুন ।

শিশু উত্তর দেবার পর (অথবা দু'বার জিজ্ঞেস করার পর উত্তর না দিলে), ২ নং অঙ্গটির দিকে আপনার আঙ্গুল দিয়ে দেখিয়ে বা ছুঁয়ে জিজ্ঞেস করুন, "এইটি কি?" কিছু সময় অপেক্ষা করুন । যদি শিশু কোন উত্তর না দেয়, আবার প্রশ্নটি জিজ্ঞেস করুন ।

এভাবে ১-৪ পর্যন্ত প্রশ্ন করে যান ।

প্রশ্নকর্তা/ কর্ত্রী বলবেন:

"এইটি কি"?

১. নাক

২. কান

৩. হাত

৪. চুল

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

২.৯ কাজ/ক্রিয়া সনাক্তকরণ

দ্রব্যাদিঃ ছবির পুস্তিকা

পদ্ধতি: আপনি শিশুকে প্রথমে পুস্তিকার ২.৯ পৃষ্ঠার ছবি দেখতে বলুন। ছবির মেয়ে/বালিকার দিকে নির্দেশ করে বলুন, দেখ কে লাফাচ্ছে, এবং বলুন, "দেখ সে (বালিকাটি) লাফাচ্ছে"।

এখন ছবিতে যে শিশুটি খাচ্ছে তার দিকে নির্দেশ করে বলুন, "সে কি করছে"? উত্তরের জন্য কিছুক্ষন অপেক্ষা করুন। যদি কোন উত্তর না পান আবার একই প্রশ্ন করুন।

শিশুর কাছ থেকে কোন উত্তর পেলে (অথবা দু'বারের পরও যদি কোন উত্তর না পান), আপনি দ্বিতীয়, তৃতীয়, এবং চতুর্থ প্রশ্নটি করুন।

যে কোন কাজ (ক্রিয়াপদ) ছবির সাথে প্রযোজ্য হবে সেটাই সঠিক উত্তর বলে ধরে নেবেন।

প্রশ্নকর্তা/কর্ত্রী বলবেন :

"সে (ছেলে/মেয়ে) কি করছে"?

১. সম্ভাব্য উত্তরঃ খাচ্ছে (নম্বরপত্রে শিশুর উত্তরটি লিখে রাখুন)

২. সম্ভাব্য উত্তরঃ পড়ছে (নম্বরপত্রে শিশুর উত্তরটি লিখে রাখুন)

৩. সম্ভাব্য উত্তরঃ ঘুমাচ্ছে (নম্বরপত্রে শিশুর উত্তরটি লিখে রাখুন)

৪. সম্ভাব্য উত্তরঃ দৌড়াচ্ছে (নম্বরপত্রে শিশুর উত্তরটি লিখে রাখুন)

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

Bilingual Early Language Assessment (BELA)

দ্বিভাষীর প্রারম্ভিক ভাষা মূল্যায়ন (বেলা)

বেলা পরামর্শক: কর্ণেলিয়া হেইশা-বাইগোরিয়া (৬১৭) ৫১৫-২৭১৪

তারিখ:

সুপ্রিয় পিতা মাতা/অভিভাবক

'বেলা' ক্যামব্রিজ পাবলিক স্কুলের সহায়তায় একটি "সুনির্দিষ্ট ও ধারবাহিক কার্যক্রমের" মাধ্যমে আপনার দ্বিভাষী শিশু, তার মাতৃভাষা ও ইংরেজী ভাষা কতটুকু আয়ত্ব করেছে তা মূল্যায়নের চেষ্টা করে । আমরা আপনার বাড়ীতে দু'বার পরিদর্শন বা সাক্ষাতের মাধ্যমে আপনার শিশুর সাথে এই "সুনির্দিষ্ট ধারাবাহিক কার্যক্রমটি" সম্পন্ন করার জন্য আপনার অনুমতি প্রার্থনা করছি । এই কার্যক্রমটি শিশুর মাতৃভাষা ও ইংরেজী ভাষায় সম্পন্ন করা হবে । প্রতিটি ভাষায় এই কার্যক্রমটি সম্পন্ন করতে আনুমানিক ৩০-৪০ মিনিট সময় লাগবে । আপনি যদি চান এই মূল্যায়নের ফলাফল আপনাকেও জানানো হবে ।

আপনি যদি এই কার্যক্রমে অংশগ্রহন করতে আগ্রহী হন, তবে অনুগ্রহপূর্বক নিম্নের তথ্যসমূহ আপনার স্বাক্ষরসহ পূরণ করুন ।

ধন্যবাদ ।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004

শিশুর নাম:
জন্ম তারিখ:
পিতামাতা / অভিভাবকের নাম:
পূর্ণ ঠিকানা:

____

____

____

ফোন নাম্বার:

পিতামাতা / অভিভাবকের স্বাক্ষর: ____

এই মূল্যায়নের ফলাফল যদি আপনার শিশুর প্রি-স্কুল অথবা কিন্ডারগার্টেনের শিক্ষককে জানানোর অনুমতি দেন, তাহলে নিম্নে আপনার স্বাক্ষর প্রদান করুন ।

পিতামাতা / অভিভাবকের স্বাক্ষর: ____

ধন্যবাদ ।

© Cambridge 0-8 Council / Cambridge Public Schools through Early Learning Opportunities Act (ELOA) Grant 2002-2004